



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)
প্রধান কার্যালয়
প্রশাসন বিভাগ
বাড়ী নং-০৫, এভিনিউ-৩, হাজীরোড, মিরপুর-২, ঢাকা-১২১৬
www.pdbf.gov.bd



স্মারক সংখ্যা-৪৭.৬৬.০০০০.০১০.০৬.২৭১.২৬-১১৭৭

তারিখ: ০২ চৈত্র ১৪৩২
১৬ মার্চ ২০২৬

অফিস আদেশ

পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)-এর ব্যবস্থাপনা কমিটির ১২৩তম সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে পার্বত্য জেলা এবং দুর্গম এলাকায় কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের জন্য বিশেষ ভাতা প্রদান সংক্রান্ত নিম্নবর্ণিত আদেশ জারি করা হলো:

পাহাড়ী ভাতা: সরকারি সার্কুলার অনুযায়ী পার্বত্য জেলাসমূহে কর্মরত পিডিবিএফ-এর কর্মকর্তা/কর্মচারীগণ নির্ধারিত হারে পাহাড়ী ভাতা প্রাপ্য হবেন। সংশ্লিষ্ট উপজেলাগুলো নিম্নরূপ:

খাগড়াছড়ি পার্বত্য জেলা (পিডিবিএফ কর্মএলাকা-রাঙ্গামাটি): খাগড়াছড়ি সদর, মাটিরাজা, রামগড়, মানিকছড়ি, লক্ষীছড়ি, মহালছড়ি, দীঘিনালা, পানছড়ি ও গুইমারা।

রাঙ্গামাটি পার্বত্য জেলা (পিডিবিএফ কর্মএলাকা-রাঙ্গামাটি): রাঙ্গামাটি সদর, কাপ্তাই, জুরাছড়ি, নানিয়ারচর, কাউখালী, লংগদু, বাঘাইছড়ি, বিলাইছড়ি, বরকল ও রাজস্থলী।

বান্দরবান পার্বত্য জেলা (পিডিবিএফ কর্মএলাকা-কক্সবাজার): বান্দরবান সদর, আলীকদম, থানচি, নাইক্ষ্যংছড়ি, লামা, রুমা ও রোয়াংছড়ি।


হাওড়/দ্বীপ/চর ভাতা: সরকার কর্তৃক ঘোষিত ১৬টি দুর্গম উপজেলা/কার্যালয়ে কর্মরত পিডিবিএফ-এর কর্মকর্তা/কর্মচারীগণ নির্ধারিত হারে 'হাওড়/দ্বীপ/চর ভাতা' প্রাপ্য হবেন। উপজেলাগুলো হলো:

কিশোরগঞ্জের ইটনা, মিঠামইন ও অষ্টগ্রাম; চট্টগ্রামের সন্দীপ; কক্সবাজারের কুতুবদিয়া; নোয়াখালীর হাতিয়া; সিরাজগঞ্জের চৌহালী; কুড়িগ্রামের রৌমারী ও চর রাজিবপুর; পটুয়াখালীর রাঙ্গাবালি; ভোলার মনপুরা; সুনামগঞ্জের ধর্মপাশা, শাল্লা ও দোয়ারা বাজার; হবিগঞ্জের আজমিরীগঞ্জ এবং নেত্রকোণার খালিয়াজুরী।

ভাতার হার: উপরোক্ত ভাতাসমূহ সরকার ঘোষিত জাতীয় বেতন স্কেল এবং অর্থ মন্ত্রণালয়ের সর্বশেষ প্রজ্ঞাপন অনুযায়ী প্রযোজ্য হারে ও শর্তে প্রদান করা হবে।

কার্যকরিতা: এ আদেশ আগামী ০১ জুলাই ২০২৬ তারিখ হতে কার্যকর হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



(সালেহীন তানভীর গাজী)
পরিচালক
প্রশাসন বিভাগ

স্মারক সংখ্যা-৪৭.৬৬.০০০০.০১০.০৬.২৭১.২৬-১১৭৭

তারিখ: ০২ চৈত্র ১৪৩২
১৬ মার্চ ২০২৬

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি:

১. পরিচালক (সকল) পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।
২. অতিরিক্ত পরিচালক (সকল) পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. যুগ্মপরিচালক (সকল) পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. প্রকল্প পরিচালক (সকল), পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. উপপরিচালক (সকল) পিডিবিএফ, অঞ্চল।
৬. দলনেতা অডিট (সকল), পিডিবিএফ, অডিট অঞ্চল।
৭. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।
৮. উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা/সহকারী প্রকল্প পরিচালক, কার্যালয়, অঞ্চল।


(সে।: মাসুদুর রশিদ)
যুগ্মপরিচালক
প্রশাসন বিভাগ